গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০
www.ssd.gov.bd

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০১২.৩৪.০০১.১৮.৯৩৯

তারিখ: ২৮ অগ্রহায়ণ ১৪২৯
১৩ ডিসেম্বর ২০২২

বিষয়: **জাতীয় ও আন্তর্জাতিক দিবস উদ্‌যাপন/পালন**

সূত্র: ০৪.০০.০০০০.৪১৬.২৩.০০১.২০.৯৩২ ০৪ ডিসেম্বর ২০২২

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ স্মারকে জাতীয় ও আন্তর্জাতিক দিবস উদযাপন/পালন সংক্রান্ত বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রাপ্ত পরিপত্রটি সদয় অবগতি ও কার্যার্থে এতদসঙ্গে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃমন্ত্রিপরিষদ বিভাগের পরিপত্র (2722/potrojariAttachmentRef/89467/0/4289),

১৩-১২-২০২২
দিলসাদ বেগম
যুগ্মসচিব
ফোন: +৮৮০-২-২২৩৩৫৪৫১৬
ফ্যাক্স: ৯৫৭৪৪৯৯
ইমেইল: admin1@ssd.gov.bd

বিতরণ :
১) সকল কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ
২) অধিদপ্তর প্রধান (সকল), সুরক্ষা সেবা বিভাগ

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০১২.৩৪.০০১.১৮.৯৩৯/১(২)

তারিখ: ২৮ অগ্রহায়ণ ১৪২৯
১৩ ডিসেম্বর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) অতিরিক্ত সচিব, প্রশাসন ও অর্থ অনুবিভাগ, সুরক্ষা সেবা বিভাগ
২) সচিব মহোদয়ের একান্ত সচিব, সচিব-এর দপ্তর, সুরক্ষা সেবা বিভাগ

১৩-১২-২০২২
দিলসাদ বেগম
যুগ্মসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩ উমেশ দত্ত রোড, বকশি বাজার, ঢাকা-১২১১
www.prison.gov.bd

পত্র নং- ৫৮.০৪.০০০০.০২১.০৪.০১৯.২২- ২৪০৩

তারিখঃ ০৬ পৌষ' ১৪২৯
২১ ডিসেম্বর '২০২২

সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের প্রশাসন-১ শাখা এর স্মারক নং-৫৮.০০.০০০০.০১২.৩৪.০০১.১৮.৯৩৯ তারিখঃ ১৩-১২-২০২২ এর অনুলিপি (সংযুক্তিসহ) অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসংগে প্রেরণ করা হলো।

১. প্রকল্প পরিচালক (সকল), কারা অধিদপ্তর, ঢাকা।
২. কারা উপ-মহাপরিদর্শক, সকল বিভাগ, সকল সদর দপ্তর (মেইলযোগে)।
আপনার অধীনস্থ কারাগারসমূহে অনুলিপি প্রেরণ পূর্বক বর্ণিত নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের নির্দেশ প্রদানের জন্য অনুরোধ করা যাচ্ছে।
৩. সিনিয়র জেল সুপার/জেল সুপার, সকল কেন্দ্রীয়/জেলা কারাগার (মেইলযোগে)।
৪. কমান্ড্যান্ট, কারা প্রশিক্ষণ একাডেমি, রাজশাহী।
৫. সহকারী কারা মহাপরিদর্শক (সকল), কারা অধিদপ্তর, ঢাকা।
৬. পরিচালক, কারা প্রশিক্ষণ ইন্সটিটিউট, ঢাকা।
৭. প্রশাসনিক কর্মকর্তা-১ ও ২/বাজেট অফিসার/স্টাফ অফিসার/পরিসংখ্যানবিদ/ডেপুটি জেলার (প্রশাসন ও উন্নয়ন) কারা অধিদপ্তর, ঢাকা।
৮. ভারপ্রাপ্ত কর্মকর্তা, কারা প্রশিক্ষণ ইনস্টিটিউট/আইসিটি সেল/প্রিজন্স ইন্টেলিজেন্স ইউনিট, কারা অধিদপ্তর, ঢাকা।
৯. শাখা প্রধান, সকল শাখা, কারা অধিদপ্তর, ঢাকা।
১০. ব্যক্তিগত সহকারী, কারা অধিদপ্তর, ঢাকা। কারা মহাপরিদর্শক, অতিরিক্ত কারা মহাপরিদর্শক ও কারা উপ মহাপরিদর্শক (সঃ দঃ) মহোদয়ের সদয় অবগতির জন্যে।
১১. গার্ড ফাইল।

২১/১২/২০২২
মোঃ মাইন উদ্দিন ভূইয়া
সহকারী কারা মহাপরিদর্শক (প্রশাসন)
ফোন-৫৭৩০০৪৬৬ (দপ্তর)
পক্ষে- কারা মহাপরিদর্শক
aig.adm@prison.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
সাধারণ অধিশাখা
www.cabinet.gov.bd

নম্বর: ০৪.০০.০০০০.৪১৬.২৩.০০১.২০.৯৩২

তারিখ: ১৯ অগ্রহায়ণ ১৪২৯
০৪ ডিসেম্বর ২০২২

## পরিপত্র

বিষয়: জাতীয় ও আন্তর্জাতিক দিবস উদ্‌যাপন/পালন

বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক দিবস উদ্‌যাপন/পালনের বিষয়ে সরকার নিম্নবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করেছে:

(ক) জাতীয় পর্যায়ের নিম্নলিখিত দিবস/উৎসবসমূহ যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপন/পালন করা হবে:

| ক্র. | দিবসের নাম | তারিখ |
|---|---|---|
| ১. | শহীদ দিবস/আন্তর্জাতিক মাতৃভাষা দিবস | ২১ ফেব্রুয়ারি |
| ২. | জাতীয় বীমা দিবস | ১ মার্চ |
| ৩. | ঐতিহাসিক ৭ই মার্চ | ৭ মার্চ |
| ৪. | জাতির পিতার জন্ম দিবস ও জাতীয় শিশু দিবস | ১৭ মার্চ |
| ৫. | গণহত্যা দিবস | ২৫ মার্চ |
| ৬. | স্বাধীনতা ও জাতীয় দিবস | ২৬ মার্চ |
| ৭. | মে দিবস | ১ মে |
| ৮. | বৌদ্ধ পূর্ণিমা | মে মাসে |
| ৯. | শহীদ ক্যাপ্টেন শেখ কামাল-এর জন্মবার্ষিকী | ৫ আগস্ট |
| ১০. | বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব-এঁর জন্মবার্ষিকী | ৮ আগস্ট |
| ১১. | জাতীয় শোক দিবস | ১৫ আগস্ট |
| ১২. | শেখ রাসেল দিবস | ১৮ অক্টোবর |
| ১৩. | জাতীয় সংবিধান দিবস | ০৪ নভেম্বর |
| ১৪. | বিজয় দিবস | ১৬ ডিসেম্বর |
| ১৫. | বড়দিন | ২৫ ডিসেম্বর |
| ১৬. | বাংলা নববর্ষ | ১ বৈশাখ |
| ১৭. | রবীন্দ্র জয়ন্তী | ২৫ বৈশাখ |
| ১৮. | নজরুল জয়ন্তী | ১১ জ্যৈষ্ঠ |
| ১৯. | ঈদ-উল-ফিতর | ১ শাওয়াল |
| ২০. | ঈদ-উল-আযহা | ১০ জিলহজ্জ |
| ২১. | ঈদ-ই-মিলাদুন্নবী (সাঃ) | ১২ রবিউল আওয়াল |
| ২২. | দুর্গাপূজা | |

(খ) যে সকল দিবস ঐতিহ্যগতভাবে পালন করা হয়ে থাকে অথবা বর্তমান সময়ে দেশের পরিবেশ সংরক্ষণ, উন্নয়ন ও সামাজিক উদ্বুদ্ধকরণের জন্য বিশেষ সহায়ক, সে সকল দিবস উল্লেখযোগ্য কলেবরে পালন করা যেতে পারে। মাননীয় মন্ত্রিবৃন্দ এ সকল অনুষ্ঠানে সম্পৃক্ত থাকবেন এবং এ ধরনের অনুষ্ঠানের গুরুত্ব বিবেচনায় মাননীয় প্রধানমন্ত্রীকে আমন্ত্রণ জানানো হবে। এ পর্যায়ের অনুষ্ঠান আয়োজনের জন্য সরকারি উৎস হতে সর্বোচ্চ ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকা বরাদ্দ

| ক্র. | দিবসের নাম | তারিখ |
|---|---|---|
| ১. | জাতীয় সমাজসেবা দিবস | ২ জানুয়ারি |
| ২. | জাতীয় টিকা দিবস | বৎসরের শুরুতে নির্ধারণযোগ্য |
| ৩. | জাতীয় গ্রন্থাগার দিবস | ৫ ফেব্রুয়ারি |
| ৪. | জাতীয় পরিসংখ্যান দিবস | ২৭ ফেব্রুয়ারি |
| ৫. | জাতীয় ভোটার দিবস | ২ মার্চ |
| ৬. | জাতীয় পাট দিবস | ৬ মার্চ |
| ৭. | বিশ্ব প্রতিবন্ধী দিবস | ১৫ মার্চ |
| ৮. | বিশ্ব আবহাওয়া দিবস | ২৩ মার্চ |
| ৯. | জাতীয় চলচ্চিত্র দিবস | ৩ এপ্রিল |
| ১০. | আন্তর্জাতিক ক্রীড়া দিবস<br>ও<br>জাতীয় ক্রীড়া দিবস | ৬ এপ্রিল |
| ১১. | বিশ্ব স্বাস্থ্য দিবস | ৭ এপ্রিল |
| ১২. | মুজিবনগর দিবস | ১৭ এপ্রিল |
| ১৩. | নিরাপদ মাতৃত্ব দিবস | ২৮ মে |
| ১৪. | জাতীয় চা দিবস | ০৪ জুন |
| ১৫. | বিশ্ব পরিবেশ দিবস | ৫ জুন |
| ১৬. | মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচার বিরোধী আন্তর্জাতিক দিবস | ২৬ জুন |
| ১৭. | বিশ্ব জনসংখ্যা দিবস | ১১ জুলাই |
| ১৮. | জাতীয় পাবলিক সার্ভিস দিবস | ২৩ জুলাই |
| ১৯. | জাতীয় জ্বালানি নিরাপত্তা দিবস | ৯ আগস্ট |
| ২০. | আন্তর্জাতিক সাক্ষরতা দিবস | ৮ সেপ্টেম্বর |
| ২১. | বিশ্ব নৌ দিবস | সেপ্টেম্বরের শেষ সপ্তাহ |
| ২২. | জাতীয় উৎপাদনশীলতা দিবস | ২ অক্টোবর |
| ২৩. | শিশু অধিকার দিবস | অক্টোবর মাসের প্রথম সোমবার |
| ২৪. | আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস | ১৩ অক্টোবর |
| ২৫. | বিশ্ব খাদ্য দিবস | ১৬ অক্টোবর |
| ২৬. | জাতীয় নিরাপদ সড়ক দিবস | ২২ অক্টোবর |
| ২৭. | জাতীয় যুব দিবস | ১ নভেম্বর |
| ২৮. | জাতীয় সমবায় দিবস | নভেম্বর মাসের প্রথম শনিবার |
| ২৯. | বিশ্ব এইডস দিবস | ১ ডিসেম্বর |
| ৩০. | জাতীয় বস্ত্র দিবস | ০৪ ডিসেম্বর |
| ৩১. | আন্তর্জাতিক দুর্নীতিবিরোধী দিবস | ৯ ডিসেম্বর |
| ৩২. | বেগম রোকেয়া দিবস | ৯ ডিসেম্বর |
| ৩৩. | ডিজিটাল বাংলাদেশ দিবস | ১২ ডিসেম্বর |

(গ) বিশেষ বিশেষ খাতের প্রতীকী দিবসসমূহ সীমিত কলেবরে পালন করা হবে। মাননীয় মন্ত্রিবৃন্দ এ সকল দিবসের অনুষ্ঠানে উপস্থিতির বিষয় বিবেচনা করবেন। উন্নয়ন খাত হতে এ সকল দিবস পালনের জন্য কোন বিশেষ বরাদ্দ দেওয়া হবে না। এ ধরনের দিবসসমূহ নিম্নরূপ:

| ক্র. | দিবসের নাম | তারিখ |
|---|---|---|
| ১. | বার্ষিক প্রশিক্ষণ দিবস | ২৩ জানুয়ারি |
| ২. | জাতীয় নিরাপদ খাদ্য দিবস | ২ ফেব্রুয়ারি |
| ৩. | জাতীয় ক্যান্সার দিবস | ৪ ফেব্রুয়ারি |

| | | |
|---|---|---|
| ৫. | জাতীয় দুর্যোগ প্রস্তুতি দিবস | ১০ মার্চ |
| ৬. | বিশ্ব পানি দিবস | ২২ মার্চ |
| ৭. | বিশ্ব যক্ষ্মা দিবস | ২৪ মার্চ |
| ৮. | বিশ্ব মেধা সম্পদ দিবস | ২৬ এপ্রিল |
| ৯. | জাতীয় আইনগত সহায়তা দিবস | ২৮ এপ্রিল |
| ১০. | জাতীয় পেশাগত স্বাস্থ্য ও সেইফটি দিবস | ২৮ এপ্রিল |
| ১১. | বিশ্ব প্রেস ফ্রিডম দিবস | ৩ মে |
| ১২. | আন্তর্জাতিক রেড ক্রস ও রেড ক্রিসেন্ট দিবস | ৮ মে |
| ১৩. | বিশ্ব টেলিযোগাযোগ দিবস | ১৫ মে |
| ১৪. | বিশ্ব তামাকমুক্ত দিবস | ৩১ মে |
| ১৫. | বিশ্ব এ্যাক্রেডিটেশন দিবস | ৯ জুন |
| ১৬. | বিশ্ব খরা ও মরুকরণ প্রতিরোধ দিবস | ১৭ জুন |
| ১৭. | আন্তর্জাতিক সমবায় দিবস | জুলাই মাসের প্রথম শনিবার |
| ১৮. | আন্তর্জাতিক ওজোন সংরক্ষণ দিবস | ১৬ সেপ্টেম্বর |
| ১৯. | বিশ্ব পর্যটন দিবস | ২৭ সেপ্টেম্বর |
| ২০. | বিশ্ব হার্ট দিবস | সেপ্টেম্বর মাসের চতুর্থ রবিবার |
| ২১. | আন্তর্জাতিক প্রবীণ দিবস | ১ অক্টোবর |
| ২২. | বিশ্ব বসতি দিবস | অক্টোবর মাসের প্রথম সোমবার |
| ২৩. | জাতীয় জন্ম ও মৃত্যু নিবন্ধন দিবস | ৬ অক্টোবর |
| ২৪. | বিশ্ব ডাক দিবস | ৯ অক্টোবর |
| ২৫. | বিশ্ব মানসিক স্বাস্থ্য দিবস | ১০ অক্টোবর |
| ২৬. | বিশ্ব সাদা ছড়ি দিবস | অক্টোবর মাসে |
| ২৭. | জাতিসংঘ দিবস | ২০ অক্টোবর |
| ২৮. | জাতীয় স্বেচ্ছায় রক্তদান ও মরণোত্তর চক্ষুদান দিবস | ২ নভেম্বর |
| ২৯. | বিশ্ব ডায়েবেটিক দিবস | ১৪ নভেম্বর |
| ৩০. | প্যালেস্টাইনি জনগণের প্রতি আন্তর্জাতিক সহমর্মিতা দিবস | ২৯ নভেম্বর |
| ৩১. | বিশ্ব মানবাধিকার দিবস | ১০ ডিসেম্বর |
| ৩২. | আন্তর্জাতিক অভিবাসী দিবস | ১৮ ডিসেম্বর |
| ৩৩. | জাতীয় জীববৈচিত্র্য দিবস | ২৯ ডিসেম্বর |
| ৩৪. | জাতীয় শিক্ষক দিবস | |

(ঘ) উপরে উল্লিখিত তিন ধরনের দিবস ছাড়াও বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ ও সংশ্লিষ্ট দপ্তরসমূহ আরও কিছু দিবস পালন করে থাকে, যা গতানুগতিক ধরনের। কোন কোন ক্ষেত্রে দিবসসমূহ পুনরাবৃত্তিমূলক এবং বর্তমান সময়ে তেমন কোন গুরুত্ব বহন করে না। সরকারের সময় এবং সম্পদ সাশ্রয়ের লক্ষ্যে সরকারি সংস্থাসমূহ এ ধরনের দিবস পালনের সঙ্গে সম্পৃক্তি পরিহার করতে পারে।

২। শিক্ষা সপ্তাহ, প্রাথমিক শিক্ষা সপ্তাহ, বিজ্ঞান সপ্তাহ, বিশ্ব মাতৃদুগ্ধ সপ্তাহ (১-৭ আগস্ট), বিশ্ব শিশু সপ্তাহ (২৯ সেপ্টেম্বর-৫ অক্টোবর), সশস্ত্র বাহিনী দিবস (২১ নভেম্বর), পুলিশ সপ্তাহ, বিজিবি সপ্তাহ, আনসার সপ্তাহ, মৎস্য পক্ষ, বৃক্ষরোপণ অভিযান এবং জাতীয় ক্রীড়া সপ্তাহ পালনের ক্ষেত্রে সংশ্লিষ্ট মন্ত্রণালয় মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা নিয়ে কর্মসূচি গ্রহণ করবে। অনুমোদিত কর্মসূচি অনুযায়ী অনুষ্ঠানাদির আয়োজন করা হবে।

৩। জাতীয় পর্যায়ের উৎসবসমূহ ব্যতীত সাধারণভাবে দিবস পালনের ক্ষেত্রে আরও সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে,

(ক) সাজসজ্জা ও বড় ধরনের বিচিত্রানুষ্ঠান যথাসম্ভব পরিহার করতে হবে। তবে, রেডিও ও টেলিভিশনে আলোচনা

করা হবে।

(খ) কোন সপ্তাহ পালনের ক্ষেত্রে অনুষ্ঠানসূচি সাধারণভাবে তিন দিনের মধ্যে সীমিত থাকবে।

(গ) সরকারিভাবে গৃহীত কোন কর্মসূচি যাতে অফিসের কর্মকাণ্ডে ব্যাঘাত না ঘটায়, তা নিশ্চিত করতে হবে এবং আলোচনা বা সাংস্কৃতিক অনুষ্ঠানাদি ছুটির দিনে অথবা অফিস সময়ের পরে আয়োজনের চেষ্টা করতে হবে।

(ঘ) নগদ কিংবা উপকরণ আকারে অর্থ/সম্পদ ব্যয়ের প্রয়োজন হবে না এরূপ সাধারণ ইভেন্টসমূহ ছুটির দিনে কিংবা কার্যদিবসে আয়োজন করা যাবে। যেমন, মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রীর বাণী প্রচার, পতাকা উত্তোলন (প্রযোজ্য ক্ষেত্রে), ঘরোয়া আলোচনা সভা, রেডিও ও টেলিভিশনে আলোচনা, পত্রিকায় প্রেস বিজ্ঞপ্তি প্রদান ইত্যাদি।

(ঙ) কোন দিবস বা সপ্তাহ পালন উপলক্ষ্যে রাজধানীর বাইরে থেকে/জেলা পর্যায় হতে কর্মকর্তা/কর্মচারীদেরকে ঢাকায় আনা যথাসম্ভব পরিহার করা হবে।

৪। উপর্যুক্ত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে প্রতিপালনের জন্য সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাকে অনুরোধ করা হলো।

৫। জাতীয় ও আন্তর্জাতিক দিবস উদ্‌যাপন/পালন সংক্রান্ত মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত ২৭ সেপ্টেম্বর ২০২০ তারিখের ০৪.০০.০০০০.৪১৬.২৩.০০১.২০.৫৪২ সংখ্যক পরিপত্র এতদ্দ্বারা বাতিল করা হলো।

৬। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

৪-১২-২০২২

মোঃ সাজ্জাদুল হাসান
উপসচিব
ফোন: ৫৫১০০৯৭১
ইমেইল:
general_sec@cabinet.gov.bd

বিতরণ:

১) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
২) সিনিয়র সচিব/সচিব (সকল)
৩) প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর
৪) বিভাগীয় কমিশনার (সকল)
৫) প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়
৬) জেলা প্রশাসক (সকল)
৭) মন্ত্রীর একান্ত সচিব (সকল)
৮) প্রতিমন্ত্রীর একান্ত সচিব (সকল)
৯) উপমন্ত্রীর একান্ত সচিব (সকল)
১০) উপজেলা নির্বাহী অফিসার (সকল)